**২য় তাগিদপত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৩.০০২.২২.৭৮৩

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ মে ২০২৩

বিষয়: ঢাকা জেলার দোহার পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা (পূর্ব পদনাম: সচিব) এবং নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন দাখিল।

সূত্র : ১. জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর স্মারক ০৫.৪১.২৬০০.০১৭.২৭.০০১২.২১-৩৪, তারিখ: ১৩ জানুয়ারি ২০২২;
২. এ বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৬.২১-২৩০, তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২২;
৩. এ বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৬৩.১৩.০০২.২২-১৪০৪, তারিখ: ২৬ অক্টোবর ২০২২।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার দোহার পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা (পূর্ব পদনাম: সচিব) এবং নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন সূত্রস্থ ১ নং স্মারকে এ বিভাগের দাখিল করা হয়। পরবর্তীতে উক্ত পৌরসভায় কর্মচারী নিয়োগের ক্ষেত্রে উত্থাপিত অনিয়ম সম্পর্কে অধিকতর তদন্ত করে নিয়োগ কমিটির আরও কোন সদস্য বা পৌরসভার মেয়র এর সংশ্লিষ্টতা ছিল কিনা, তা যাচাই করে প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ ২ ও ৩ নং স্মারকে এ বিভাগ হতে তাঁকে অনুরোধ জানানো হয় (কপি সংযুক্ত)। কিন্তু, এখনও চাহিত প্রতিবেদন এখনও পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২৫।০৫।২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জেলা প্রশাসক
ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.১৩.০০২.২২- ১৪০৪

তারিখঃ ২৬/১০/২০২২ খ্রি:।

**বিষয়ঃ ঢাকা জেলার দোহার পৌরসভার সচিব ও নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ পৌর-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৬.২১-২৩০; তারিখ: ১৭/০২/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে দোহার পৌরসভায় কর্মচারী নিয়োগের বিষয়ে উত্থাপিত অনিয়ম আরো অধিকতর তদন্ত করে নিয়োগ কমিটির আরো কোন সদস্য বা পৌর মেয়রের উক্ত অনিয়মের সাথে সংশ্লিষ্টতা ছিল কিনা তা যাচাই করে প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোস্থ পত্রে অনুরোধ করা হয়। কিন্তু চাহিত প্রতিবেদন অদ্যাবধি এ বিভাগে পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সূত্রোস্থ স্মারকে চাহিত প্রতিবেদন জরুরিভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল

২৬/১০/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন-৯৫১৪১৪২

জেলা প্রশাসক
ঢাকা।

**অনুলিপি:**

০১। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্ম-সচিব (পলিসি সাপোর্ট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মেয়র, দোহার পৌরসভা, ঢাকা।
০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৬.২১-২৬০

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয় : ঢাকা জেলার দোহার পৌরসভার সচিব ও নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন।

সূত্র- : জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ের স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৭.২৭.০১২.২১.৩৪(সং), তারিখ: ১৩/০১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পৌরসভায় কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র গ্রহণের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে উক্ত নিয়োগ কার্যক্রমের জন্য দোহার পৌরসভা কর্তৃক নিম্নরূপ কমিটি গঠনপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়:

**বাছাই/নিয়োগ কমিটি**

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | আলহাজ্ব আ: রহিম মিয়া | মেয়র, দোহার পৌরসভা | আহবায়ক |
| ২. | জনাব মো: আলমাছ উদ্দিন | কাউন্সিলর, ০২নং ওয়ার্ড, দোহার পৌরসভা | সদস্য |
| ৩. | বেগম রাবেয়া আকতার | সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা | সদস্য |
| ৪. | জনাব মো: মশিউর রহমান | নির্বাহী প্রকৌশলী, দোহার পৌরসভা | সদস্য |
| ৫. | বেগম নাসরীন জাহান | সচিব, দোহার পৌরসভা | সদস্য-সচিব। |

০২। তদন্ত প্রতিবেদনে উল্লিখিত নিয়োগের বিষয়ে শুধুমাত্র পৌর সচিব বেগম নাসরীন জাহান এবং নিয়োগ কমিটিতে অন্তর্ভূক্ত না থাকা প্রধান সহকারী (ভারপ্রাপ্ত), দোহার পৌরসভা জনাব মো: সোহেল রানাকে অভিযুক্ত করা হয়েছে। কিন্তু তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রমের অনুমোদনকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এবং নিয়োগ কমিটি। ফলে দোহার পৌরসভার কর্মচারী নিয়োগের বিষয়ে উত্থাপিত অনিয়ম আরো অধিকতর তদন্ত করে নিয়োগ কমিটির আরো কোন সদস্য বা পৌর মেয়রের উক্ত অনিয়মের সাথে সংশ্লিষ্টতা ছিল কিনা তা যাচাই করে পুনরায় প্রতিবেদন দাখিল করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের গত ১৯/০৬/২০১১ খ্রি: তারিখের ৭৯১ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্র অনুসারে দোহার পৌরসভা কর্তৃক কর্মচারী নিয়োগের বিষয়ে উত্থাপিত অনিয়ম আরো অধিকতর তদন্ত করে নিয়োগ কমিটির আরো কোন সদস্য বা পৌর মেয়রের উক্ত অনিয়মের সাথে সংশ্লিষ্ট ছিল কিনা তা যাচাই করে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : বর্ণনামতে।**

১৭.০২.২০২২
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

**জেলা প্রশাসক**
**ঢাকা।**

**অনুলিপি :**

০১। যুগ্মসচিব (পলিসি সাপোর্ট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মেয়র, দোহার পৌরসভা, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ **(পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওযেব সাইটে প্রকাশের জন্য)।**
০৫। অফিস কপি।

*G:\Old Data\D\All Document\DECIPLINE\LETTER.doc-139*